মুজিবনগরের মোনাখালীতে গণসংযোগ করেন আ.লীগ নেতা মান্নান

আগামী জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগের সম্ভাব্য প্রার্থী হিসেবে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে গণসংযোগ করেছেন জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান।

আজ বুধবার বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত দলীয় নেতাকর্মীদের নিয়ে এ গণসংযোগ করেন। এসময় তিনি আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে কুশল বিনিময় করেন। গনসংযোগকালে শ্রমিক লীগ নেতা মোস্তাফিজুর রহমান বাবুল উপস্থিত ছিলেন।

গাংনীতে ভুমিহীনদের মাঝে চতুর্থ পর্যায়ের ঘর প্রদান

গাংনীতে ভুমিহীনদের মাঝে চতুর্থ পর্যায়ের ঘর প্রদান করা হয়েছে। বুধবার সকাল ১০ টায় গণভবন থকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২২১০১ টি ঘর প্রদান ও ১২ টি জেলা এবং ১২৩ টি উপজেলাকে ভুমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষনা করেন। এসময় গাংনী উপজেলায় ৩১ টি ভুমিহীন ও গৃহহীন পরিবারকে ঘরের চাবি ও দলীল প্রদান করা হয়।

গাংনী উপজেলা পরিষদের সভাকক্ষে আনুষ্ঠানিক ভাবে ঘরের চাবি ও দলীল হস্তান্তর অনুষ্ঠানে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীর সঞ্চালনায় এবং ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও গাংনীর সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাদির হোসেন শামীমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিতি ছিলেন মেহেরপুর -২আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এবং বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক মেহেরপুর মোঃ শামীম হাসান।

এসময় অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক,গাংনী উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ, রাজনৈতিক নেতৃত্ব বৃন্দ,সাংবাদিক, ইউনিয়ন ভূমি কর্মকর্তা এবং উপকার ভোগীরা।

নবীকে নিয়ে কটুক্তির প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

মহানবী হযরত মুহাম্মাদ (স:) সম্পর্কে কটুক্তি ও অশালীন মন্তব্য করায় ব্লগার আসাদ নুর ও ব্লগার আবদুল্লাহ আল মাসুদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে বিক্ষোভ ও মানববন্ধন করেছে গাংনীর তৌহিদী জনতা।

আজ বুধবার জোহরের নামাজের পর গাংনী বাজার বাসস্ট্যান্ডে মানববন্ধনের আয়োজন করে আমিরুল ইসলাম ইসলাম ফাউন্ডেশন।

এই মানববন্ধনে বক্তব্য রাখেন, ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা মওলানা মোঃ আব্দুল কাদের, গাংনী উপজেলা মডেল মসজিদের ইমাম মওলানা মোঃ ইলিয়াস হোসেন,গাংনী মাদ্রাসা জামে মসজিদের ইমাম মওলানা মোঃ খালেদ সাইফুল্লাহ, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক আনিসুজ্জামান বকুল প্রমুখ।

গাংনী বাজার জামে মসজিদের ইমাম ও উপজেলা ইমাম সমিতির সভাপতি মওলামা মোহাম্মদ রুহুল আমিনের সঞ্চালনায় মানববন্ধনের সমাপনী বক্তব্য রাখেন গাংনী বাজার কমিটির সভাপতি ও আমিরুল ইসলাম ফাউন্ডেশনের পরিচালক ইঞ্জিঃ সালাউদ্দিন শাওন।

মানববন্ধনে বক্তারা বলেন,২০১৭ সাল থেকে ব্লগার আসাদ নূর নামের একটি ব্লগ পেজ থেকে মুসলিম ও হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লামের সম্পর্কে কটুক্তি ও মন্তব্য প্রকাশ করে আসছে, যা সারা পৃথিবীর মুসলিম সম্প্রদায়ের উপর চরম আঘাত হেনেছে। গত কয়েকদিন আগেও আসাদ নূরের ব্লগ পেজ থেকে হযরত মুহাম্মদ (সঃ) সম্পর্কে কটুক্তি করে একটি ভিডিও আপলোড করেছে। শুধু আসাদ নূরের পেজে নয় আব্দুল্লাহ আল মাসুদ নামের একটি ব্লগ পেজ থেকে মহান আল্লাহ তায়ালা এবং হযরত মুহাম্মদ (সঃ) সম্পর্কে ধর্মীয় অনুভূতিতে আঘাত হেনে অশালীন অযৌক্তিক ভিডিও বক্তব্য প্রকাশ করেছে।

এ সকল বক্তব্যে হযরত মুহাম্মদ (সঃ) এবং মহান আল্লাহ তায়ালার সম্পর্কে যে কটুক্তি করেছে তা বানোয়াট ভিত্তিহীন। মুসলমানদের খেপিয়ে তোলার জন্যই এই দুই ব্লগে বক্তব্য প্রকাশ করেছ। তারই প্রতিবাদে গাংনীতে মানববন্ধন ও বিক্ষোভের আয়োজন। ওই দুই ব্লগারকে খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়েছেন মানববন্ধনে অংশগ্রহণকারীরা।

গাংনীতে নৌকার বিজয় পেতে উপজেলা আওয়ামীলীগকে ঐক্যবদ্ধতার সাথে কাজ করতে হবে-মোখলেছুর রহমান মুকুল

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতিয় শোক দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মুলক সভা করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো: মোখলেছুর রহমান মুকুল।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের দলীয় কার্যালয়ের সামনে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়। উপজেলা আওয়ামীলীগ আয়োজিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের উপদেষ্টা সদস্য হাজি মোঃ ইছারুদ্দীন।

প্রস্তুতিমুলক সভায় প্রধান অতিথির বক্তব্যে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ মোখলেসুর রহমান মুকুল বলেন, গাংনীতে আবারও নৌকার বিজয় ছিনিয়ে আনতে উপজেলা আওয়ামীলীগকে ঐক্যবতার সাথে কাজ করতে হবে। উপজেলা আওয়ামীলীগের নেতাকর্মী ও সমর্থকরা যে যেখানেই থাকুকনা কেন নির্বাচনের সময় সকলেই বঙ্গবন্ধুর হাতে গড়া সংগঠন বাংলাদেশ আওয়ামীলীগের সাথে ঐক্যবদ্ধ হয়ে কাজ করবে। আওয়ামীলীগের নেতাকর্মীরা শেখহাসিনার সৈনিক। তারা জাতে মাতাল তালে ঠিক। যে যেমন মানুষ বাংলাদেশ আওয়ামীলী তাকে সেই মুল্যায়ন করে বলেই বর্তমান সরকার আর সার্বজন নন্দিত। আমরা সেই আওয়ামীলীগের সৈনিক হিসেবে গাংনী উপজেলা আওয়ামীলীগকে আরও গতিশীল করতে মাঠে কাজ করছি। গ্রামে গ্রামে তৃণমুল নেতাকর্মীদের সাথে নিয়ে আওয়ামীলীগ সরকারের উন্নয়নের চিত্র তুলে ধরছি। বিগত ৩০ বছরে গাংনীতে আওয়ামীলীগের যে অবস্থান ছিল, সেই অবস্থান থেকে ঐক্যবদ্ধ আওয়ামীলীগে রুপান্তিরিত করার জন্য চেষ্টা অব্যাহত রয়েছে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে আবারও নৌকা মার্কাকে জয়যুক্ত করতে এবং স্বাধীনতা বিরোধীদের চক্রান্তকে রুখে দিতে গাংনী উপজেলা আওয়ামীলীগ ঐক্যবদ্ধতার সাথে কাজ করবে।

তিনি আরও বলেন, ব্যবসা ভিত্তিক রাজনীতি করে কখনও মানুষের সেবা করা যায়না, মানুষের মন জয় করা যায়না। ব্যবসা ভিত্তিক রাজনীতি থেকে গাংনীর রাজনীতিকে বের করে জনসেবা মুলক রাজনীতি হিসেবে গড়ে তোলার জন্য তৃণমুলের নেতাকর্মী ও সমর্থকদের একত্রে কাজ করার আহবান জানান তিনি।

অনুষ্ঠানে উপস্থিত তৃণমুলের নেতাকর্মীরা জননেত্রী শেখ হাসিনার কাছে মোখলেসুর রহমান মুকুলের পক্ষে নৌকার মনোনয়ন দাবী করেন। অন্যান্য বক্তারা বলেন, এপর্যন্ত যারা এমপি হয়েছেন তারা নিজেদের স্বার্থ নিয়ে ব্যাস্ত থেকেছেন। জনগনের দুর্দশার কথা শোনেননি কেউ। সকলেই জনগনের দাবীকে কানের মধ্যেই গুজে রেখেছেন। মোখলেসুর রহমান মুকুল কখনও নিজের কথা না ভেবে,পরিবারের কথা না ভেবে মানুষের সেবা করেছেন। জনগনের জন্য মাঠে ময়দানে কাজ করেছেন। মানুষের সেবা করতে গিয়ে প্রতিহিংসায় জেল খেটেছেন একাধিকবার এবং আওয়ামীলীগ করতে গিয়ে জামাত বিএনপির রোষানলে পড়ে গ্রাম ছাড়া হয়েছিলেন দীর্ঘদিন। তার এই ত্যাগের মুল্যায়ন করে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নির্বাচিত করেছেন। এবারের নির্বাচনেও সময়ও মানুষ তাকে এমপি হিসেবে দেখতে চাইছেন।

অনুষ্ঠানে কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক মহনের সঞ্চালনায়

বক্তব্য রাখেন, মটমুড়া ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ বারি, কাজিপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাফিজুল ইসলাম, পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জাকির হোসেন, ষোলটাকা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল মান্নান, মটমুড়া ইউনিয়ন আওয়াসমীলীগের সহ সভাপতি আব্দুল মেলেটারি, গাংনী পৌর আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক নবীরুদ্দীন প্রমুখ। প্রস্তুতিমুলক আলোচনা সভায় উপজেলার বিভিন্ন এলাকার আওয়ামীলীগ তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে গাংনীতে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (৮ আগষ্ট) সকাল সাড়ে ৯ টার দিকে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাদির হোসেন শামীম, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিতি ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক

স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অফিসার নাছিমা খাতুন, বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, বিশিষ্ট আওয়ামী লীগ নেতা ও মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী উপজেলা কৃষি অফিসার মোঃ ইমরান হোসেন, সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,রাজনৈতিক নেতৃত্ব বৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে ৮ জন উপকারভোগীকে সেলাই মেশিন প্রদান করা হয়।

মেহেরপুরে জাতীয়তাবাদী আইনজীবীদের বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও জোবাইদা রহমানের মামলার রায়ের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করেছে মেহেরপুর জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম।

আজ মঙ্গলবার (৮ আগষ্ট) সকাল সাড়ে ১০টার দিকে জেলা আইনজীবী ভবনের সামনে থেকে একটি মিছিল বের হয়।মিছিলটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা জজ আদালত চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে অবস্থান কর্মসূচি পালন করেন তারা।

এ সময় বক্তব্য রাখেন, জাতীয়তাবাদের আইনজীবী ফোরামের সাধারণ সম্পাদক অ্যাড: মারুফ আহাম্মদ বিজন, যুগ্ম সম্পাদক অ্যাড: কামরুল হাসান, সদস্য অ্যাড: মোখলেসুর রহমান খান স্বপন, অ্যাড: নজরুল ইসলাম প্রমুখ।

বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচিতে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্যরা অংশ নেন।

মেহেরপুরে বঙ্গমাতা বেগম

ফজিলাতুন্নেসা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী উদযাপন

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯৩ তম জন্মবার্ষিক উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থার উদ্যোগে মঙ্গলবার (৮ আগষ্ট) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মো: শামীম হাসানের সভাপতিত্বে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া।

এছাড়াও এসময় সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিক, জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডঃ আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আব্দুল কাদির মিয়া,অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, জেলা আনসার কমান্ডেন্ট সাহাদাত হোসেন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপরিচালক কাজী কাদের মোঃ ফজলে রাব্বি, জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামিম আরা হীরা, পৌর কাউন্সিলর রোকসান কামাল রুনু প্রমুখ উপস্থিত ছিলেন।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিক উপলক্ষে ২৫ জন দুস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৩ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়ামিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ও নিয়মিত মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে গাংনী, সদর ও মুজিবনগর থানা পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এই তিন আসামি গ্রেফতার করেন।

সদর থানা পুলিশের অভিযানে ১, গাংনী থানা পুলিশের অভিযানে ১ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ জন আসামি গ্রেফতার হয়েছে।

সদর থানার ওসি সাইফুল ইসলাম, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল এই গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ মঙ্গলবার (৮ আগষ্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে হেফজখানার খাদেম হত্যা মামলায় ২ জনের যাবজ্জীবন

গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের হেফজখানার খাদেম ছৈরুদ্দিন হত্যা মামলায় ২ জনের যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, প্রত্যেককে ২০ হাজার টাকা করে জরিমানা ও অনাদায়ে আরো ১ বছরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেছে আদালত।

দন্ডপ্রাপ্তরা হলেন, গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের দক্ষিণপাড়ার আলী হোসেনের ছেলে ইমদাদুল হক ইন্দা ও একই গ্রামের শুকুর আলী ছেলে মো: খোকন আলী।

আজ মঙ্গলবার (৮ আগষ্ট) দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ শহিদুল্লাহ্ এই রায় দেন।

মামলার বিবরণ জানা গেছে, ২০২০ সালের ২ সেপ্টেম্বর গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের ছৈরুদ্দিন সাহেবনগর কবরস্থান সংলগ্ন হেফজখানা কমিটির খাদেম ছিলেন। ঘটনার দিন সকাল ৯ টার দিকে হেফজখানায় দান করা ৩ ছাগলের জন্য কাঁঠালের পাতা কাটতে যান। ঐদিন সকাল ৯ টা ১০ মিনিটের দিকে ছৈরুদ্দিন সাহেবনগর গ্রামের মিন্টু মিয়ার মেহগনি

বাগানের কাছে পৌঁছানোর পর জঙ্গলের মধ্যে পাতা কাটতে ঢোকেন। এসময় সেখানে ওৎ পেতে থাকা ইমদাদুল হক ইন্দা ও মো: খোকন আলী তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে নির্মমভাবে হত্যা করে ফেলে রেখে চলে যায়।

এ ঘটনায় নিহত ছৈরুদ্দিনের ছেলে আখের আলী বাদী হয়ে গাংনী থানায় ৩০২/৩৪ ধারায় একটি মামলা দায়ের করেন। গাংনী থানার মামলা নং ০২, তারিখ ০৩/০৯/২০২০ ইং, জি আর মামলা নং ২০৬/২০২০। সেশন মামলা নং ৩২০/২০২১।

প্রথমে মামলাটির তদন্ত ভার পড়ে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) সাজেদুর রহমান। পরে মামলাটি কুষ্টিয়ার পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পি বি আই)’র এসআই শরিফুল ইসলাম মামলার প্রাথমিক তদন্ত শেষে ২০২১ সালের ৯ সেপ্টেম্বর ইমদাদুল হক ইন্দা ও খোকন আলিকে আসামি করে আদালতে চার্জশিট দাখিল করেন। মামলায় মোট ২৩ জন সাক্ষী সাক্ষ্য প্রদান করেন।

এতে আসামী ইমদাদুল হক ইন্দা ও মো: খোকন আলী দোষী প্রমাণিত হওয়ায় বিজ্ঞ বিচারক তাদের বিরুদ্ধে দন্ডবিধির ৩০২/৩৪ ধারায় শাস্তিযোগ্য অপরাধের অভিযোগ সন্দেহতীতভাবে প্রমানিত হওয়ায় তাদের ২ জনকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা করে জরিমানা ও অনাদায়ে আরো ১ বছরের কারাদণ্ড প্রদান করেন।

মামলা রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিডিউটর অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য এবং আসামীর পক্ষে অ্যাডভোকেট আতাউল হক ও অ্যাডভোকেট কামরুল হাসান কৌশলী ছিলেন।

মেহেরপুরে হারানো ৩৯ ফোন উদ্ধার করে দিল পুলিশ

হারানো ৩৯টি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিয়েছে পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট। সেইসঙ্গে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভুল নম্বরে চলে যাওয়া ৬০ হাজার টাকা

উদ্ধার করে প্রকৃত মালিকদের কাছে হস্থান্তর করা হয়েছে।

মঙ্গলবার (৮ আগষ্ট) বেলা ১২ টায় মেহেরপুর পুলিশ সুপারের কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলনে প্রকৃত মালিকদের কাছে মোবাইল ফোন ও টাকা হস্থান্তর করেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

তিনি জানান, ১ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত মেহেরপুরের বিভিন্ন স্থান থেকে হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ৩৯টি মোবাইল ফোন ও মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভুল নম্বরে চলে যাওয়া ৬০ হাজার টাকা উদ্বার করেছে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট। সেগুলো প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করা হয়েছে।

উদ্ধারকৃত টাকা ও মোবাইল ফোনের মধ্যে সদর থানা ১৩ টি, গাংনী থানা ১৫ টি ও মুজিবনগর থানায় ১১ টি ফোন ও টাকা উদ্ধার করা হয়েছে।

এ সময় সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলমসহ পুলিশের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।